ঠাকুরগাঁও-১ উপনির্বাচনে ৬ প্রার্থীর মনোনয়নপত্র বৈধ



ছবি: সংগৃহীত

ঠাকুরগাঁও-১ আসনের উপনির্বাচনে অংশ নিতে মনোনয়নপত্র জমা দেওয়া ছয় প্রার্থীর সবার কাগজপত্র বৈধ ঘোষণা করা হয়েছে।

মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) সকালে ঠাকুরগাঁও জেলা নির্বাচন কার্যালয়ে মনোনয়নপত্র যাচাই-বাছাই শেষে এ ঘোষণা দেন জেলা রিটার্নিং কর্মকর্তা মো. কামরুল ইসলাম।

এ উপনির্বাচনে বিএনপির প্রার্থী হিসেবে মনোনয়নপত্র জমা দিয়েছেন জেলা বিএনপির সভাপতি ও রাষ্ট্রপতির ছোট ভাই মির্জা ফয়সাল আমিন এবং জেলা বিএনপির সহসভাপতি ওবাদুল্লাহসহ আরও তিনজন। জামায়াতে ইসলামীর হয়ে মনোনয়ন জমা দিয়েছেন দেলাওয়ার হোসেন।

আগামী ২৯ অক্টোবর এ আসনে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। ঠাকুরগাঁও সদর, রুহিয়া ও ভূল্লী উপজেলা নিয়ে গঠিত ঠাকুরগাঁও-১ আসনে মোট ভোটার ৫ লাখ ১৬ হাজার ১৩৮ জন।

LENS ASIA